# সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
## (প্রতিরক্ষা মন্ত্রণালয়)
## ঢাকা সেনানিবাস

# নিয়োগ বিজ্ঞপ্তি

১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস এবং ইহার আওতাধীন আন্তঃবাহিনী মেডিকেল ইউনিট সমূহে নিম্নেবর্ণিত শূন্য পদে বেসামরিক লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | বয়স সীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১। | রিসার্চ এ্যাসিসটেন্ট (গ্রেড-২) (গ্রেড-১৪) | ০১ | ১০,২০০-২৪,৬৮০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়সহ বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী । | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহ, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, লক্ষীপুর, পাবনা, নাটোর, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, খুলনা, যশোর, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ |
| ২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক (অফিস করণিক/ টাইপিষ্ট কাম ক্লার্ক) (গ্রেড-১৬) | ০৪ | ৯,৩০০-২২,৪৯০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তৎসহ প্রতি মিনিটে মুদ্রাক্ষরে/ কম্পিউটারে টাইপিং এর গতি বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজী- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ । | |
| ৩। | এফ ডব্লিউ এ (ফ্যামিলি ওয়েলফেয়ার এ্যাসিসটেন্ট) গ্রেড-১৬ | ২১ | ৯,৩০০-২২,৪৯০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা এফ ডব্লিউ এ পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের সিজিপিএ-তে সার্টিফিকেট কোর্স বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | **তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন ।** |

| ক্রমিক | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | বয়স সীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ৪। | কার্পেন্টার (গ্রেড-১৮) | ০১ | ৮,৮০০-২১,৩১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার্পেন্টার পদে অন্যূন ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, সিরাজগঞ্জ, চাপাইনবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, যশোর, বাগেরহাট, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, সিলেট, সুনামগঞ্জ **তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন ।** |
| ৫। | ল্যাব পরিচারক (গ্রেড-১৯) | ০২ | ৮,৫০০-২০,৫৭০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |
| ৬। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০৫ | ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭। | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | ০৩ | ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে । | |
| ৮। | আয়া (গ্রেড-২০) | ০৪ | ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, মহিলা প্রার্থী হইতে হইবে এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে। | |
| ৯। | শ্রমিক (গ্রেড-২০) | ০২ | ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে । | |
| ১০। | মালী (গ্রেড-২০) | ০২ | ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে । | |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় ঃ**

১। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না ।

২। আবেদনকারীর বয়স ০১ মার্চ ২০১৮ তারিখে নিম্নরূপ হবে ঃ

ক। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ব্যতিত সকল প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩০ বছর ।

খ। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যার জন্য বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হবে ।

গ। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সরকারি চাকুরীতে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরনের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয় । তবে সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে ।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে ।

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর ঠিকানা ব্যবহার করতে হবে ।

৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ঃ

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://dgms.teletalk.com.bd ওয়েবসাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে । ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে । আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপ ঃ

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ঃ ১৪ মার্চ ২০১৮।

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ২৮ মার্চ ২০১৮ ।

(৩) উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit –এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel, File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel, File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন ।

গ। যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন । পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবে ।

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ।

ঙ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি ও Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে । নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন । Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল পদের জন্য ১০০/- (একশত) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা ।

প্রথম SMS : DGMS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

দ্বিতীয় SMS : DGMS <space>Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে ।

SMS এর Password পাবেন । এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download -এর জন্য প্রার্থী সংরক্ষণ করবে ।

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgms.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনাগুলো তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয় ।

ছ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে জানানো হবে ।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন ঃ

(১) User ID জানা থাকলে DGMS<space>Help<space>User<space>User ID & Sned to 16222. (Example : dgms Help User ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে DGMS<space>Help<space>PIN <space>PIN No & Sned to 16222. (Example : dgms Help User ABCDEF & Send to 16222)

ঝ। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://dgms.teletalk.com.bd এ পাওয়া যাবে ।

৯। প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে । ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(২) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ।

(৩) প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হলে এর প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্র ।

(৪) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে তার পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধার সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) ।

(৫) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র ।

(৬) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র ।

(৭) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র ।

(৮) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ।

(৯) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ।

(১০) প্রার্থী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে নিম্নোক্ত ছক আলাদাভাবে কাগজে পূরণ করে স্বাক্ষর করতঃ উক্ত কাগজ এবং ছকে বর্ণিত তথ্যের প্রমাণক ঃ

| ক্রমিক | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তার নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বাহুল সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | জাতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না ।

৯। বিবিধ ঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে ।

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

পর্ষদ সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়)
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬